## ১৯৭৫ সনের ৩১শে জুলাই বেলা ১২০০ ঘটিকায় সেনানিবাসপরিষদের সভায় গৃহীত প্রস্তাবাবলী

| | | | |
|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল এম, এ, হামিদ, পি এস সি, স্টেশন কমান্ডার (বাংলাদেশ আর্মি) ঢাকা সেনানিবাস। | - সভাপতি | - উপস্থিত |
| ২। | উইং কমান্ডার নুরুল ইসলাম, ওজি, বাংলাদেশ বিমান বাহিনী, ঢাকা | সদস্য | ,, |
| ৩। | লেঃ কর্ণেল আবুল হাসনাত মোহাম্মদ আবদুল্লাহ, সি এম ই এস (আর্মি), ঢাকা সেনানিবাস | সদস্য | অনুপস্থিত |
| ৪। | মেজর খন্দকার এবাদুর রহমান, এস ই এম ও, সি এম এইচ, ঢাকা সেনানিবাস | সদস্য | উপস্থিত |
| ৫। | লেঃ কমান্ডার আহমদ আলী চৌধুরী, জিও, বাংলাদেশ নৌ-বাহিনী, ঢাকা সেনানিবাস। | সদস্য | ,, |
| ৬। | অবসর প্রাপ্ত মেজর এ, সি, দেব, ঢাকা সেনানিবাস। | সদস্য | ,, |
| ৭। | জনাব শহীদুর রহমান, ঢাকা সেনানিবাস | সদস্য | ,, |
| ৮। | জনাব তসলীমুর রহমান, সেনানিবাস প্রশাসক, ঢাকা সেনানিবাস। | সচিব | |

১। মাসিক আয়, ব্যয় ও বকেয়া পাওনা

জুন (১৯৭৫) মাসের আয়, ব্যয় ও বকেয়া পাওনার হিসাব অবগত হওয়া।

২। স্বাস্থ্য সম্পর্কীয় বিবরণী

জুন (১৯৭৫) মাসের স্বাস্থ্য সম্পর্কীয় বিবরণী অবগত হওয়া।

৩১/৭/৭৫.

গৃহীত প্রস্তাব :- অবহিত হওয়া গেল।

গৃহীত প্রস্তাব :- হেলথ অফিসারের পরামর্শ অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক। কচুক্ষেতে মার্কেটে অবস্থিত বাংলাদেশ বেকারীর অস্বাস্থ্যকর পরিবেশের পরিপ্রেক্ষিতে বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করা হোক।

৩। ক্যান্টনমেন্ট মার্কেট দোকানদার সমিতি

ক্যান্টনমেন্ট মার্কেট এলাকায় দোকানদারবৃন্দ কর্তৃক গঠিত দোকানদার সমিতির বিষয় বিবেচনা করা।

৪। গৃহকর নির্ধারণের বিরুদ্ধে আবেদন

২৫ নম্বর ডিফেন্স অফিসার হাউজিং এলাকার ইজারাদার কর্ণেল মোহাম্মদ আব্দুল লতিফের ১৯/৭/৭৫ তারিখের আবেদনে উপস্থাপিত আর্জি গুলি বিবেচনা করা।

৫। ক্যান্টনমেন্ট মার্কেটের যোগাযোগ সড়ক

গত ৮-৭-৭৫ তারিখের সভায় গৃহীত ৭ নং প্রস্তাব উল্লেখ্য।

যোগাযোগ সড়ক নির্মাণ নিমিত্তে গত ১৪-৭-৭৫ তারিখ দরপত্র আহবান করা হয়েছিল। গত ২০-৭-৭৫ তারিখে প্রাপ্ত দরপত্রগুলির তুলনামূলক তালিকা বিবেচনা করা।

৬। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০-চ বাড়ীর গৃহকর মওকুফ

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০-চ (৩০-এফ) বাড়ীর গৃহকর মওকুফের নিমিত্তে পেশকৃত বেগম হাসনাহেনা কাদেরের গত ১৭-৭-৭৫ তারিখের আবেদনটি বিবেচনা করা।

৩১/৭/৭৫

গৃহীত প্রস্তাব :- সেনানিবাস মার্কেটের দোকানদার সমিতির নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নির্বাচিত ব্যক্তি সমন্বয়ে সমিতি গঠণ করা হোক। এই প্রসংগে সেনানিবাস পর্ষদের সদস্য জনাব মহিদুর রহমানকে নির্বাচন অধ্যক্ষ মনোনীত করা গেল।

নির্বাচন সভাপতি হিসেবে কাজ করবেন সেনানিবাস পর্ষদের প্রকৌশলী জনাব মোহাম্মদ মনিরুজ্জামান ভোটকেন্দ্রের দায়িত্বে থাকবেন সেনানিবাস পর্ষদের ট্যাক্স-সুপার জনাব আখতারুজ্জামান এবং তাঁর সহকারী হিসাবে কাজ করবেন ট্যাক্স সহকারী জনাব নুরুর রহমান।

~~ভোটের~~ ভোটারদের নামের তালিকা সেনানিবাস পর্ষদ কর্তৃক সরবরাহ করা হবে। ভোটার নন এমন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না।

উক্ত নির্বাচন আগামী ১৭ই আগষ্ট ১৯৭৫ "রবিবার" অনুষ্ঠিত হবে। সেনানিবাস [illegible] দোকানদার সমিতি নিম্ন বর্ণিত ৯ (নয়) জন সদস্য সমন্বয়ে গঠিত হবে এবং তাঁরা তাঁদের [illegible] সরাসরি সেনানিবাস পর্ষদের সাথে যোগাযোগ স্থাপন করবেন :-

| | |
|---|---|
| (ক) সভাপতি | ১ জন |
| (খ) সহ সভাপতি | ২ জন |
| (গ) সম্পাদক | ১ জন |
| (ঘ) সহ সম্পাদক | ১ জন |
| (ঙ) সদস্য | ৩ জন |
| (চ) খাজাঞ্চী | ১ জন |
| | ৯ জন |

গৃহীত প্রস্তাব :- যে সব সাহেব পরিবার নিজ নিজ বাড়ীতে থাকেন তাঁদের বাড়ীর ও বিধবা মহিলাদের বাড়ীর সঠিক ও ন্যায্য মূল্যায়ন নিরূপণ করতে হবে। এই মূল্যায়ন নিরূপণ করার নিমিত্তে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে এক উপ-পরিষদ গঠন করা গেল ঐ উপ-পরিষদ সংশ্লিষ্ট বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে আগামীতে তাঁদের মতামত বিবেচনার নিমিত্তে সেনানিবাস পর্ষদের সভায় উপস্থাপন করবেন :-

| | | |
|---|---|---|
| (ক) উইং কমান্ডার নুরুল ইসলাম | - | সভাপতি |
| (খ) মেজর এ সি দেব (অবসর প্রাপ্ত) | - | সদস্য |
| (গ) সেনানিবাস প্রশাসক | - | সদস্য-সচিব। |

গৃহীত প্রস্তাব :- বিবেচনা করা গেল। কাজী আব্দুর রশিদ কোং'র মূল্যোদ্ধৃতি এম, ই, এস, সিডিউল অব রেটসের (১৯৭০) ১৭৫% উপরে সর্বনিম্ন বিধায় অনুমোদন করা গেল।

গৃহীত প্রস্তাব :- বিবেচনা করা গেল। ১৯২৪ সালের ক্যান্টনমেন্ট অ্যাক্টের ১০০ ধারা অনুযায়ী আপাততঃ তাঁর ১ (এক) বছরের কর মওকুফ করা হোক।

৭। আইন উপদেষ্টার ~~xxxx~~ সম্মানী বর্ধিত করণ

গত ৮-৭-৭৫ তারিখের সভায় গৃহীত ৫ নং প্রস্তাব উল্লেখ্য।

সেনানিবাস পর্ষদের আইন উপদেষ্টা জনাব আমিনুল হক, এ্যাডভোকেটের গত ২৪-৬-৭৫ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁর সম্মানী বর্ধিত করণের বিষয়টি বিবেচনা করা।

৮। নামজারী করণ

সেনানিবাস বাজার এলাকার ৪৩-ঘ (৪৩-ডি) নম্বর দাগের বাড়ী টি হস্তান্তর জনিত কারণে নামজারী করণের আবেদন আইন উপদেষ্টার মতামত সহ বিবেচনা করা।

| ক্রমিক নং | দাগ নম্বর | মালিকের/ ইজারাদারের নাম | ক্রেতার নাম | আবেদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১) | ৪৩-ঘ | জনাব তাহের আলি | জনাব সাজ্জাদ আলি | ২৫-২-৭৫ |

৯। নিলাম ডাক কারীর নাম পরিবর্তন

সেনানিবাস পর্ষদের গত ৩-১-৬৮ তারিখের ৯-ক নম্বর গৃহীত প্রস্তাব উল্লেখ্য।

সেনানিবাস বাজার এলাকার আবাসিক দাগ নম্বর ৬৫-খ (৬৫-বি) এর অনুমোদিত ইজারাদার জনাব মোহাম্মদ আলিম তাঁর ১৫-৭-৭৫ তারিখের আবেদনে প্রার্থনা জানিয়েছেন যে তাঁর ৬৫-খ দাগের জমি তাঁর নামের পরিবর্তে তাঁর চাচাতো ভাই (হাজিন) জনাব মোহাম্মদ ফজলুল হক, সেনানিবাস প্রশাসক, গাজীপুর সেনানিবাস এর নামে পরিবর্তন করা হোক। প্রয়োজনীয় কাগজ পত্র সহ বিষয়টি বিবেচনা করা।

১০। নিলামকৃত স্কুল বাসের বকেয়া কর

গত ৭-৩-৭৫ তারিখের বিশেষ সভায় গৃহীত ৪ নং প্রস্তাব উল্লেখ্য।

অত্র সেনানিবাস পর্ষদের অধীনে পরিচালিত শহীদ আনোয়ার বালিকা বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন নম্বর ঢাকা-ব-১৭২ স্কুল বাসটি গত ৭-৩-৭৫ তারিখের সভায় গৃহীত প্রস্তাব অনুযায়ী নিলামে বিক্রয় ~~xxxx~~ করা হয়। ঐ স্কুল বাসের যাবতীয় ট্যাক্স গত ১৯৭০ সাল থেকে বকেয়া। নিলাম ডাককারী জনাব আমির হোসেন বাসটি মেরামত করানোর পর বকেয়া করের নিমিত্তে ঐ বাস কাজে ব্যবহার করতে পারছেন না। এমতাবস্থায় তিনি গত ২৬-৬-৭৫ তারিখে একটি আবেদন পেশ করেছেন। ~~xx~~ ঐ আবেদনে বর্ণিত বিষয়টি ক্যান্টনমেন্ট ইঞ্জিনীয়ারের রিপোর্ট সহ বিবেচনা করা।

১১। মোটর মেকানিকের বর্ধিত যাতায়াত ভাতা

গত ৩১-১-৭৪ তারিখের সভায় ৫ নং গৃহীত প্রস্তাব উল্লেখ্য।

সেনানিবাস পর্ষদের মটর মেকানিক আবদুল গফুর অফিসের কাজের সুবিধার্থে নিজস্ব মোটর সাইকেল নির্বাহ করেন। গত ৯-৭-৭৫ তারিখে তাঁর পেশকৃত আবেদনটি বিবেচনা করা।

৩১/৭/৭৫

তৃতীয় হুকুম :- আগামী সভায় আলোচনার জন্য উপস্থাপন করা হোক।

তৃতীয় হুকুম :- অনুমোদন করা গেল।

তৃতীয় হুকুম :- অনুমোদন করা গেল।

তৃতীয় হুকুম :- সেনানিবাস পর্ষদের প্রকৌশলী র রিপোর্টের পরিপ্রেক্ষিতে ১৯৭০ থেকে ১৯৭৫ সালের মধ্যে [illegible] ১৯৭০ থেকে ১৯৭১ সালের কর ব্যতীরেকে ১৯৭২ থেকে ১৯৭৪ সাল পর্যন্ত দেয় কর টাকা ৪,৭৮০/- (চার হাজার সাত শত আশী টাকা) সেনানিবাস পর্ষদ কর্তৃক দেওয়া হোক। ১৯৭৫ সালের কর টাকা ১,২০০/- দিনাজ ডাকঘারী জনাব সাবির হোসেন দিবেন।

তৃতীয় হুকুম :- আগামী সভায় আলোচনার জন্য উপস্থাপন করা হোক।

১২। সেনানিবাস এলাকার মসজিদ

সেনানিবাস এলাকায় কেন্দ্রীয় মসজিদ নির্মাণ কল্পে মসজিদের নকশা বিবেচনা করা।

১৩। কবরস্থানের চতুর্পার্শ্বে দেয়াল নির্মাণ

কবরস্থানের xxxx xxxx চতুর্পার্শ্বে দেয়াল নির্মাণ নিমিত্তে গত ১৪-৭-৭৫ তারিখে দরপত্র আহবান করা হয়েছিল। গত ২০-৭-৭৫ তারিখে প্রাপ্ত দরপত্র গুলির তুলনামূলক তালিকা বিবেচনা করা।

১৪। সেনানিবাস হাসপাতালের বর্ধিত করণ নকশা ও মূল্যানুমান

সেনানিবাস হাসপাতালের বর্ধিত কাজের নিমিত্তে প্রস্তুতকৃত প্রস্তাবিত নকশা ও মূল্যানুমান বিবেচনা করা।

১৫। সেনানিবাস হাসপাতালের বর্ধিত করণ

সেনানিবাস হাসপাতাল বর্ধিত করণ প্রসংগে গত ১৪-৭-৭৫ তারিখে দরপত্র আহবান করা হয়। গত ২০-৭-৭৫ তারিখে বিভিন্ন ঠিকাদারকর্তৃক পেশকৃত দরপত্রের তুলনামূলক তালিকা বিবেচনা করা।

১৬। সেনানিবাস পর্ষদের গ্যারেজে আধুনিক মোটর মেরামত কারখানা

চীফ মটরস প্রস্তাবিত সেনানিবাস পর্ষদের গ্যারেজে আধুনিক মোটর মেরামত কারখানা স্থাপন করার বিষয়টি xxx বিবেচনা করা।

১৭। ডিফেন্স অফিসার হাউজিং এলাকায় ৩" পানির লাইন স্থাপন

সেনানিবাস এলাকায় ডিফেন্স অফিসার হাউজিং পল্লীতে ৩" পানির লাইন স্থাপন কল্পে গত ১০-৩-৭৫ তারিখে ক্যান্টনমেন্ট অ্যাক্টের ২৫ ধারা মতে সভাপতি সেনানিবাস পর্ষদের অনুমোদন ক্রমে গত ১১-৪-৭৫ তারিখে দরপত্র আহবান করা হয়। দরপত্র এর তুলনামূলক তালিকা বিবেচনা করা।

প্রসংগ ক্রমে উল্লেখ্য এই যে সংশ্লিষ্ট পানির লাইন স্থাপন xxxx কল্পে গত ১৭-৬-৭৫ তারিখে কিউ/এম এল এন্ড সি/ঢাকা/১৩২/৬ নম্বর পত্রের মাধ্যমে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস প্রশাসন পরিদপ্তর আলোচিত কাজটি সম্পন্নের নিমিত্তে ১,০০,০০০/- টাকা খরচ করার অনুমোদন দান করেন, কিন্তু পরবর্তী পর্যায়ে দ্রব্যমূল্য বর্ধিত হওয়ার ফলে কাজটির মোট মূল্য দাঁড়ায় টাঃ ১,৩৮,০০০/- টাকায় ~~উপদেষ্টা~~ অনুমোদিত অর্থের উপরে xxxx আরো ৩৮,০০০/- টাকার কাজ সম্পন্ন করা হয়। উক্ত বিষয়টি বোর্ড কর্তৃক অনুমোদন করা।

৩১/৭/৭৫

গৃহীত সুপারিশ :- নকশা অনুমোদন করা হল। এর নির্মাণ কার্য সেনানিবাস পর্ষদের তত্ত্বাবধানে এই নিমিত্তে গঠিত একটি কমিটি কর্তৃক নিয়ন্ত্রন করা হোক।

গৃহীত সুপারিশ :- বিবেচনা করা গেল। জনাব তাজুল এ্যান্ড ব্রাদার্সের মূল্যোদ্ধৃতি ১৯৭০ সালের এম, ই, এস সিডিউল অব রেটসের ৫৬১% অধিক সর্বনিম্ন বিধায় অনুমোদন করা গেল।

গৃহীত সুপারিশ :- আগামী সভায় আলোচনার জন্য উপস্থাপন করা হোক।

গৃহীত সুপারিশ :- আগামী সভায় আলোচনার জন্য উপস্থাপন করা হোক।

গৃহীত সুপারিশ :- আগামী সভায় আলোচনার জন্য উপস্থাপন করা হোক।

গৃহীত সুপারিশ :- বিস্তারিত আলোচনার নিমিত্তে আগামী সভায় পেশ করা হোক।

১৮। ১৯৭৫-৭৬ সালের বাজেট

১৯৭৫-৭৬ সালের অনুমোদিত বাজেট বিবেচনা করা।

১৯। ডিফেন্স অফিসার হাউজিং পল্লীর রাস্তা

সেনানিবাস পর্ষদের জনৈক সদস্য মেজর এ, সি, দেব ( অবসর প্রাপ্ত ) কর্তৃক প্রস্তাবিত ডিফেন্স অফিসার হাউজিং পল্লীর রাস্তার সমস্যা সম্পর্কে বিবেচনা করা।

২০। কচুক্ষেত বাজার এলাকার সমস্যা

কচুক্ষেত বাজার এলাকার বাসিন্দাবৃন্দের গত ২৭-৭-৭৫ তারিখের আবেদনে বর্ণিত বিভিন্ন সমস্যা বিষয় বিবেচনা করা।

২১। বৈদ্যুতিক বাতি ও তৎসম্পর্কীত অন্যান্য দ্রব্য

বৈদ্যুতিক বাতি ও তৎসম্পর্কীত নিম্ন বর্ণিত দ্রব্যাদি ক্রয় বিষয়ে বিবেচনা করা :-

| | | | |
|---|---|---|---|
| (১) | ২০ ওয়াট টিউব লাইট ২' লম্বা | -- | ১০০ |
| (২) | টিউব লাইট চোক ২০ ওয়াট | -- | ১০০ |
| (৩) | -ঐ- ৪০ ,, | -- | ১০০ |
| (৪) | ষ্টারটার ২০ ওয়াট | -- | ৮ ডজন |
| (৫) | ষ্টার্টার ৪০ ,, | -- | ৮ ডজন |
| (৬) | বাল্ব ১০০ ওয়াট | -- | ২০০ |
| (৭) | বাল্ব ৬০ ওয়াট | -- | ৩০০ |
| (৮) | বাল্ব ৪০ ওয়াট | -- | ৩০০ |

২২। মোটর সাইরেন খরিদ নিমিত্তে আগাম

শহীদ রমিজউদ্দিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মহিউদ্দিন আহম্মদের ২০-৭-৭৫ তারিখের আবেদনে প্রার্থিত মটর সাইরেন খরিদের নিমিত্তে আগাম দেওয়ার বিষয়টি বিবেচনা করা।

৩০/৭/৭৫

গৃহীত প্রস্তাব :- বিস্তারিত আলোচনার নিমিত্তে আগামী সভায় পেশ করা হোক।

গৃহীত প্রস্তাব :- বিবেচনা করা গেল। সংশ্লিষ্ট এলাকায় খোয়া বিছানো একটি যোগাযোগ সড়ক নির্মাণ করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক।

গৃহীত প্রস্তাব :- আগামী সভায় আলোচনার জন্য উপস্থাপন করা হোক।

গৃহীত প্রস্তাব :- অনুমোদন করা গেল। জরুরী ভিত্তিক অবস্থার পরিপ্রেক্ষিতে বর্তমানে দ্রব্যগুলি বাজার থেকে সরাসরি খরিদ করার নিমিত্তে সেনানিবাস প্রধানকে ক্ষমতা অর্পণ করা গেল।

গৃহীত প্রস্তাব :- অনুমোদন করা গেল। প্রধান শিক্ষক সাহেবকে সংশ্লিষ্ট খাত থেকে মোট টাঃ ৯,০০০/- টাকা ঋণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হোক। প্রথা মতে তাঁকে ঐ ঋণ পরিশোধ করতে হবে।

২৩। শহীদ সরণীর উন্নতি করণ

শহীদ সরণী উন্নতি করণ সম্পর্কে বিবেচনা করা।

২৪। মুলি বাঁশ ক্রয়

মুলি বাঁশ ক্রয় করার বিষয়টি গাছের খাঁচা [illegible] নির্মাণ করার জন্য চীফ স্যানিটারী ইন্সপেক্টরের রিপোর্টের পরিপ্রেক্ষিতে বিবেচনা করা এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত দরপত্রের তুলনামূলক তালিকা অনুমোদন করা।

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
৩১-৭-৭৫

৩১/৭/৭৫

গৃহীত প্রস্তাব :- সেনাসদর দপ্তরের পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী র মতামত সহ আগামী সভায় বিবেচনা র জন্য পেশ করা হোক।

গৃহীত প্রস্তাব :- ~~অনুমোদিত~~ বিবেচনা করা গেল। সোনার বাংলা ট্রেডিং করপোরেশনের মূল্যোদ্ধৃতি সর্বনিম্ন বিধায় অনুমোদন করা গেল।

(স্বাক্ষর)
লেঃ কর্নেল
সভাপতি
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট
৩১-৭-৭৫

(স্বাক্ষর)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
৩১-৭-৭৫